93998 - যে ব্যক্তি শুধু বেজোড় রাতগুলো ইতিকাফ করতে চায়

প্রশ্ন

আমার জন্য শুধু রমযানের বেজোড় রাতগুলোতে ইতিকাফ করা কি জায়েয হবে? কেননা আমি গোটা দশ দিন ইতিকাফ করতে পারব না। কারণ আমি নব বিবাহিতা। আমার স্ত্রী একা একা বাসায় থাকতে হবে, যদিও আমি আমার ফ্যামিলির পাশে থাকি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

একজন মুসলিমের জন্য উত্তম হচ্ছে- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণে রমযানের শেষভাগের গোটা দশদিন ইতিকাফ করা। সহিহ বুখারী ও সহিহ মুসলিমে আয়শা (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সম্পর্কে বর্ণনা করেন যে, তিনি মৃত্যু পর্যন্ত রমযানের শেষ দশদিন ইতিকাফ করেছেন।[সহিহ বুখারী (২০২৫) ও সহিহ মুসলিম (১১৭১)]

যদি কারো পক্ষে গোটা দশদিন ইতিকাফ করা সম্ভবপর না হয় তিনি কিছু দিন বা কিছু রাত্রি ইতিকাফ করেন তাতে কোন অসুবিধা নেই। যেহেতু ইমাম বুখারী উমর বিন খাত্তাব (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি মসজিদে হারাম একরাত ইতিকাফ করার মানত করেছিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তার মানত পূরণ করার নির্দেশ দিয়েছিলেন। [সহিহ বুখারী (১৬৫৬)] এ হাদিসে দলিল রয়েছে যে, একরাত ইতিকাফ করাও শুদ্ধ।

ইতিপূর্বে 38037 নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে যে, ইতিকাফের সর্বনিম্ন কোন সময় নেই। এ ব্যাপারে আমরা বিন বায (রহঃ) এর ফতোয়া উল্লেখ করেছি।

কর্তব্য হচ্ছে- এ দশরাত ইবাদতে নিমগ্ন থাকা এবং সাধ্যানুযায়ী ইবাদতের সম্বল অর্জন করার চেষ্টা করা।

আল্লাহ্ই সর্বজ্ঞ।